



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি


তাং ২৬/১০/২০২৩ খ্রি.

এতদ্বারা ঠাকুরগাঁও সরকারি কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে উপবৃত্তির জন্য আগামী ২৯/১০/২০২৩ খ্রি. তারিখ হতে ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


উল্লেখ্য দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।

- ১। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি। (১৭ সংখ্যা)
- ২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০/১৭ সংখ্যা)
- ৩। পিতা ও মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০/১৭ সংখ্যা)
- ৪। এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল/ট্রান্সক্রীপ্ট এর ফটোকপি
- ৫। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- ৬। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তাঁর নাম প্রদান করতে হবে।
- ৭। স্কুল ব্যাংকিং/ এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসেবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে।
- ৮। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচীর আওতাভুক্ত হবে না।
- ৯। সরকারি কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

আবেদন ফরম গ্রহণ ও জমা দেয়ার স্থান : কলেজ অফিস (হিসাব শাখা)।


প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬
অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


২৬/১০/২৩